



নিয়োগ বিজ্ঞপ্তি

বন অধিদপ্তরের অধীন বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, বন ভবন, আগারগাঁও, ঢাকার আওতায় “বাংলাদেশের বন্যপ্রাণী সংরক্ষণ ও আবাসস্থল উন্নয়ন প্রকল্প” এর অধীন সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্পের মেয়াদকালীন (জুন’২০২২ পর্যন্ত) সময়ের জন্য নিম্নবর্ণিত পদে লোক নিয়োগকল্পে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে সরকারী বিধি মোতাবেক পদের পার্শ্বে উল্লেখিত সাকুল্য বেতনে নিম্নলিখিত শর্তে আগামী ৩১/০৮/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।


ক্রঃ নং	পদের বিবরণ	পদের সংখ্যা	গ্রেড নং	মাসিক সাকুল্য বেতন	শিক্ষণত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১।	অফিস সহকারী-কাম-কম্পিউটার মূদ্রাক্ষরিক	১	১৬	১৭,০৫৪/-	এইচ, এস, সি পাশ ও কম্পিউটার পরিচালনায় দক্ষ ও সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। প্রকল্পে কর্মরত প্রার্থীদের অগ্রাধিকারসহ বয়স শিথিলযোগ্য।

নিয়োগ সংক্রান্ত শর্তাবলী

- ৩১-০৮-২০২১ খ্রিঃ তারিখ বয়স ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানের জন্য বয়স ১৮-৩২ বৎসরের মধ্যে হতে হবে।
- সমাপ্ত উন্নয়ন প্রকল্প/চলমান উন্নয়ন প্রকল্পে নিয়োজিত বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। এরূপ বিভাগীয় প্রার্থীদের সর্বশেষ কর্মস্থল/বর্তমান কর্মস্থলের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- কোন সরকারী বা আধাসরকারী সংস্থায় কর্মরত প্রার্থীগণও যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে পারবেন।
- সরকার নির্ধারিত নির্বাচনী কমিটি কর্তৃক প্রার্থী বাছাই করা হবে। প্রার্থীদের এতদউদ্দেশ্যে আয়োজিত ক্ষেত্র অনুযায়ী লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পরীক্ষা গ্রহণের স্থান, তারিখ ও সময়সূচী যথাসময়ে প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদেরকে তাদের বর্তমান ঠিকানায় জানানো হবে।
- প্রার্থীকে নির্বাচিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভ্রমণ/দৈনিক ভাতা প্রদান করা হবে না।
- নিয়োগ লাভের জন্য সকল প্রকার তদবীর প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।
- প্রার্থীর পদের নাম খামের উপর স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

আবেদনপত্র দাখিলের নিয়মাবলী

- বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, বন ভবন, আগারগাঁও, ঢাকাকে সম্বোধন পূর্বক সাদা কাগজে প্রার্থীর আবেদনপত্র বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল (৬ষ্ঠ তলা), বন ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭ ঠিকানায় ২৯/০৯/২০২১ খ্রিঃ তারিখ বিকাল ৫.০ ঘটিকার মধ্যে অবশ্যই পৌঁছাতে হবে। নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- প্রার্থীকে বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, বন ভবন, আগারগাঁও, ঢাকা এর অনুকূলে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংক এর যে কোন শাখায় জমা প্রদান পূর্বক ২০০/- (দুইশত) টাকা মূল্যের অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দরখাস্তের সহিত অবশ্যই দাখিল করতে হবে।
- আবেদনপত্রে (ক) প্রার্থীর নাম, (খ) পিতা/স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) জাতীয়তা (জাতীয় পরিচয় পত্রের অনুলিপি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে), (জ) ধর্ম, (ঝ) শিক্ষণত যোগ্যতা ও অভিজ্ঞতা (সকল প্রকার সনপত্রের অনুলিপি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে)। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- আবেদনের সাথে প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট আকারের ০২(দুই) কপি ছবি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে)।
- প্রার্থী কোন জেলার অধিবাসী তাহার প্রমান স্বরূপ স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান এর নিকট হতে নাগরিকত্বের সার্টিফিকেট (মূল কপি) দাখিল করতে হবে।
- জন্ম নিবন্ধন এর সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
- উপরের চাহিত যে কোন তথ্য/সনদপত্র/ অন্যান্য কাগজপত্র আবেদনপত্রের সাথে না থাকলে উক্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।


(মোল্যা রেজাউল করিম)

বন সংরক্ষক
বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল

ও
প্রকল্প পরিচালক
বাংলাদেশের বন্যপ্রাণী সংরক্ষণ ও আবাসস্থল উন্নয়ন প্রকল্প
বন ভবন, আগারগাঁও, ঢাকা
ফোন: ৮১৮১১৪২।